



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিদেশি কারিগুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন সনদ

স্মারক নং- ঢাশিবো/বি/২২৭/নতুন/ইংলিশ/৮২৮৬

তারিখ: ০৯/১০/১২৮

প্রত্যয়ন করা যাচ্ছে, Lighthouse International School, বাড়ি# ১২, রোড# ১২, ধানমন্ডি, ঢাকা- কে Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিগুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭) এর অধীনে সাময়িক নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (৩) বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টিকে এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ('O' Level এবং 'A' Level) পর্যায়ে সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে-

শর্তসমূহ

- ১। উক্ত সাময়িক নিবন্ধনের মেয়াদ হবে স্মারক ইস্যুর তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর।
- ২। বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্ছ বা শাখা খোলা যাবে না।
- ৩। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন বিধিমালা ২০১৭ এর ৭ উপবিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন নিতে হবে।
- ৪। আগামী ০১ (এক) মাসের মধ্যে EIIN নম্বর ও পাসওয়ার্ড গ্রহনের জন্য বোর্ডে আবেদন করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ উপবিধি অনুসরণ করতে হবে।
- ৬। বিধিমালার ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৭। বিধিমালার ২০(৩) উপবিধি অনুযায়ী অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৮। বিধিমালার ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।
- ৯। উক্ত বিধিমালার ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজৰ ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।
- ১০। বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক পাঠদান করাতে হবে এবং ভর্তির বিপরীতে বা পুন: ভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ষিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না।
- ১১। ফলাফল মানসম্মত হতে হবে।
- ১২। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্তুন ৬০ (ষাট) দিন পূর্বে নির্ধারিত ফি জমাদানপূর্বক নিবন্ধনের জন্য আবেদন করতে হবে।
- ১৩। বোর্ড প্রয়োজনে ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধি-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞ্চা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: অধ্যক্ষ

Lighthouse International School

বাড়ি# ১২, রোড# ১২

ধানমন্ডি, ঢাকা।

মেমো নং- ৮২৮৬(৪)

তারিখ: ০৯/১০/১২৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জোষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, ঢাকা;
- ৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যাম্পাইজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১ (৩য় তলা), রোড-৪, ব্রক- এফ, বনানী, ঢাকা- ১২১৩;
- ৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার, পিয়ারসন এডএক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, সুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাহাড়পথ, ঢাকা।
- ৬। পরিচালক/প্রতিষ্ঠাতা, Lighthouse International School, ধানমন্ডি, ঢাকা;
- ৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯/১০/১২৮